দৈনিক বাংলা

তারিখ ৭/১/৮২
পৃষ্ঠা ...... কলাম ......

081

নোয়াখালীর গ্রামে জনসমাবেশে প্রধানমন্ত্রী

# এ পর্যন্ত এক হাজার খাল কাটা হয়েছে

(নিজস্ব সংবাদদাতা)

মাইজদীকোর্ট, ৬ই জানুয়ারী।— প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আজ জনগণের প্রতি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান সূচিত খাল খনন কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণের আহ্বান জানান।

জেলা শহর থেকে ১৫ মাইল দূরে গোষকামতা-বড়গাঁও খাল পুনর্খনন উদ্বোধনকালে এক বিরাট জনসমাবেশে তিনি বক্তৃতা করছিলেন।

তিনি বলেন, মরহুম জিয়া এ কর্মসূচী চালু করার পর থেকে এ পর্যন্ত মোট এক হাজার খাল খনন ও পুনর্খনন করা হয়েছে। এর ফলে দেশে খাদ্য ঘাটতির পরিমাণ ২০ লাখ টন থেকে ১০ লাখ টনে নেমে এসেছে। এ কর্মসূচী আরো দু বছর অব্যাহত থাকলে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবে এবং তৃতীয় বছর থেকে আমরা খাদ্য রফতানী করতে পারব। এ থেকে পাওয়া বৈদেশিক মুদ্রায় আমরা উন্নয়নমূলক কাজকর্ম চালাতে পারব।

স্বেচ্ছাশ্রমে চার মাইল দীর্ঘ এ খাল ২০ ফুট চওড়া ও সাত ফুট গভীর করে কাটা হচ্ছে। এটা পুনর্খনন করতে দু মাস সময় লাগবে।

এ খাল কাটা হয়ে গেলে এ থেকে দু হাজার একর জমিতে পানি সেচ দেয়া যাবে। ফলে উৎপন্ন হবে ১০ লাখ টাকা মূল্যের অতিরিক্ত ১০ হাজার মন খাদ্যশস্য।

প্রধানমন্ত্রী বলেন, প্রিয় নেতা শহীদ প্রেসিডেন্ট জিয়ার অসমাপ্ত কাজ শেষ করা বাংলাদেশের জনগণের পবিত্র দায়িত্ব।

তিনি বলেন, একমাত্র গত বছরেই

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## খাল কাটা হয়েছে

(১ম পৃঃ পর)

৪০ লাখ লোক অক্ষর জ্ঞান লাভ করছে। আগামী চার বছরে চার কোটি লোক সাক্ষর হবে। সকল কলেজ, স্কুল, মাদ্রাসায় গণশিক্ষা কেন্দ্র খোলা হবে। শিক্ষক, ছাত্র ও শিক্ষিত লোকদের তিনি এসব কেন্দ্রে স্বেচ্ছায় লেখাপড়া শেখানোর আহ্বান জানান।

তিনি দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনা মেয়াদের মধ্যেই দেশ থেকে নিরক্ষরতা দূর করার আহ্বান জানান।

তিনি বলেন, দেশে অনেক নেতা এসেছেন এবং গেছেন কিন্তু মরহুম জিয়া ছাড়া এ পর্যন্ত কেউই জাতিকে সুনির্দিষ্ট দিক নির্দেশ অথবা উন্নয়ন কর্মসূচী দিতে পারেননি।

প্রেসিডেন্ট সাত্তারকে জয়যুক্ত করার জন্য তিনি জনগণকে ধন্যবাদ জানান।

তিনি সমাজবিরোধীদের বিরুদ্ধে গ্রাম সরকার ও গ্রাম রক্ষীদের সতর্ক থাকতে বলেন।

এ সমাবেশে সভাপতিত্ব করেন জনাব বোরহানউদ্দিন এমপি।

অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন জেলা সমন্বয়কারী জনাব কে এম হোসেন।